

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.২৭.০২৩.১৫-২৬০

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১  
০৭ মে ২০২৪

বিষয়ঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ সামসুজ্জোহা এর বিরুদ্ধে আনিত অভিযোগ তদন্তক্রমে প্রতিবেদন প্রেরণ।


সূত্র: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা: ৪৬.১৬.০০০০.০০৪.১৮.০৫৪.২১.১০৪৩, তারিখ: ১৮ মার্চ ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৬ নং ওয়ার্ডের সাধারণ আসনের কাউন্সিলর জনাব মোঃ সামসুজ্জোহা কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৫, ২৬ ও ২৭নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব সানিয়া সাউদ-কে টিসিবি পণ্য বিতরণকালে শারীরিকভাবে আঘাত করার অভিযোগ পাওয়া যায়। সে প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক প্রদত্ত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ সামসুজ্জোহা সরকার কর্তৃক বরাদ্দকৃত টিসিবি পণ্য বিতরণে বিধি বিধান অনুসরণ না করে আইন পরিপন্থি কার্যকলাপ, দুর্নীতি, অসদুপায়ে ব্যক্তিগত সুবিধা গ্রহণ, পক্ষপাতিত্ব, স্বজনপ্রীতি করেছিলেন মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে ২৫, ২৬ ও ২৭ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব সানিয়া সাউদ কর্তৃক আপত্তি ও বাধা প্রদান করা হলে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৬ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ সামসুজ্জোহা তাকে জনসম্মুখে শারীরিকভাবে আঘাত করেন।

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩(৩) ধারা অনুযায়ী সিটি কর্পোরেশনের কাউন্সিলরকে অপসারণের সিদ্ধান্ত চূড়ান্ত করিবার পূর্বে বিধি মোতাবেক তদন্ত ও আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হইবে।

০২। এমতাবস্থায়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ সামসুজ্জোহা এর বিরুদ্ধে আনিত অভিযোগটি তদন্তক্রমে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে ২৯ (উনত্রিশ) পৃষ্ঠা।

  
(মোহাম্মদ শামসুল ইসলাম)  
উপসচিব  
ফোন: ৫৫১০০৪০৯  
ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

উপ-পরিচালক

স্থানীয় সরকার, নারায়ণগঞ্জ।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। অফিস কপি।